Q.B. Sl. No. : 49 0176968

# SANSKRIT

## SEMESTER-IV ( New System )

**2026**

Total Time : 2 Hours ] [ Total Marks : 40

◈ পরিমিত এবং যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে । বর্ণাশুদ্ধি, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে । উপান্তে প্রশ্নের পূর্ণমান সূচিত আছে ।

◈ ***Special credit will be given for answers which are brief and to the point. Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting. Figures in the margin indicate full marks for the questions.***

### নির্দেশাবলি :

- এই প্রশ্নপুস্তিকাটির পৃষ্ঠা সংখ্যা **12.**
- প্রদত্ত নির্দেশ অনুসারে প্রশ্নের উত্তর দাও। মূল উত্তরপত্রেই কেবল প্রশ্নের উত্তর দিতে হবে, অন্যত্র নয়।
- প্রয়োজন অনুযায়ী মূল উত্তরপত্রে রাফ / খসড়া কার্য করা যাবে এবং শেষে কোনাকুনি ভাবে কেটে দেবে।

| ভাষান্তর/Versions | পৃষ্ঠা থেকে/From Page | পৃষ্ঠা পর্যন্ত /To Page |
|---|---|---|
| বাংলা/Bengali | 3 | 6 |
| ইংরাজী/English | 7 | 10 |

**This Question Booklet is sealed by Reverse Jacket. The candidate has to cut the jacket to open the booklet shown on the opening side of the Question Booklet. Candidate may use scale to cut open the jacket.**

**প্রশ্নপুস্তিকাটি খোলার আগে এই প্রশ্নপুস্তিকার শেষ পৃষ্ঠায় প্রদত্ত ইংরেজী নির্দেশাবলি পড়ো।**
**Before opening this Question Booklet read the instructions in English at the last page of this Question Booklet.**

## বিভাগ - ক

**2 নম্বরের প্রশ্ন** $13 \times 2 = 26$

0176968 105

1. আটটি প্রশ্নের মধ্যে যে–কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

A) ‘হাসবিদ্যকথা’ গল্পটির উৎস কী ? এর লেখক কে ?

B) ‘হাসবিদ্যকথা’ গল্পে রাজা ও তাঁর রাজধানীর নাম কী ?

C) ‘ত্বমেব কিং ন বপসি ?’ — কে, কাকে একথা বলেছিলেন ?

D) ‘কিরাতার্জুনীয়ম্’ মহাকাব্যে সর্গসংখ্যা কয়টি ? ‘বনেচরভাষণম্’ কোন্ সর্গ থেকে গৃহীত হয়েছে ?

E) বনবাসকালে যুধিষ্ঠির কোন্ বনে অবস্থান করেছিলেন ? তাঁর নিকটে কে উপস্থিত হয়েছিলেন ?

F) ‘বরং বিরোধোহপি সমং মহাত্মভিঃ’ — এই উক্তিটির তাৎপর্য লেখো।

G) ‘হা, প্রিয়সখি ! ইদৃশস্তে নির্মাণভাগঃ।’ — এটি কার উক্তি ? ‘প্রিয়সখি’ পদের দ্বারা কাকে সম্বোধন করা হয়েছে ?

H) স্নানের জন্য বাল্মীকি কোন্ নদীতে গিয়েছিলেন ? সেখানে তিনি কী দেখেছিলেন ?

2. আটটি প্রশ্নের মধ্যে যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

A) স্ত্রী প্রত্যয় কাকে বলে ? একটি উদাহরণ দাও।

B) ব্যুৎপত্তি নির্ণয় করো : (i) পিপাসতি (ii) দেদীয়তে ।

C) কারক-বিভক্তি নির্ণয় করো : বাতায় কপিলা বিদ্যুৎ ।

D) উদাহরণসহ ব্যাখ্যা করো : আখ্যাতোপযোগে ।

E) 'যস্য চ ভাবেন ভাবলক্ষণম্' — সূত্রে কোন্ বিভক্তি হয়, উদাহরণ সহ লেখো।

F) দ্বন্দ্ব সমাস কাকে বলে ? একটি উদাহরণ দাও।

G) সমাস নির্ণয় করো : নীলকণ্ঠঃ ।

H) সমাসবদ্ধ পদ লেখো :

i) দ্বয়োঃ অহ্নোঃ সমাহারঃ ।

ii) শূলঃ পাণৌ যস্য সঃ ।

3. ছয়টি প্রশ্নের মধ্যে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

A) 'দশকুমারচরিতম্'-এর রচয়িতা কে? তাঁর অপর একটি সাহিত্যকৃতির নাম লেখো।

B) চরকসংহিতার প্রথম দুটি স্থানের নাম লেখো।

C) চম্পূকাব্য কাকে বলে ? মহাভারত অবলম্বনে রচিত একটি চম্পূকাব্যের নাম লেখো।

D) 'হর্ষচরিতম্'-এর রচয়িতা কে ? সাহিত্যটি কোন্ শ্রেণির ?

E) সিদ্ধেশ্বর চট্টোপাধ্যায় বিরচিত দুটি নাটকের নাম লেখো।

F) সীতানাথ আচার্য কবে, কোথায় জন্মগ্রহণ করেন ?

## বিভাগ - খ

[ 4 নম্বরের প্রশ্ন ] 1 × 4 = 4

4. দুটি প্রশ্নের মধ্যে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

A) ভারতীয় আয়ুর্বেদের ইতিহাসে সুশ্রুতসংহিতার গুরুত্ব আলোচনা করো।

B) শ্রীজীব ন্যায়তীর্থের সাহিত্যকৃতি ও রচনাশৈলীর সংক্ষিপ্ত পরিচয় দাও।

01769968 105 01769968

01769968 105 01769968

## বিভাগ-ঙ

[ 5 নম্বরের প্রশ্ন ] $2 \times 5 = 10$

5. চারটি প্রশ্নের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

A) স্বর্ণবীজ বপনে কেউ রাজি হননি কেন ?

B) 'হিতং মনোহারি চ দুর্লভং বচঃ' — ব্যাখ্যা করো।

01769968 105 01769968

C) 'আত্রেয়ী বনদেবতা সংবাদঃ' — পাঠ্যাংশটির নামকরণের সার্থকতা বিচার করো।

D) আত্রেয়ীর অগস্ত্য আশ্রমে যাওয়ার কারণ ব্যাখ্যা করো।

01769968 105 01769968

01769968 105 01769968